

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মিটার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৮.০৭.০৫২.২৩ নথির বিষয়: মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ত্রুটিপূর্ণ ফ্লো-মিটার জরুরী ভিত্তিতে মেরামত ও স্থাপন/প্রতিস্থাপন কাজ।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ত্রুটিপূর্ণ ফ্লো-মিটার জরুরী ভিত্তিতে মেরামত ও স্থাপন/প্রতিস্থাপন কাজ।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৯/২৩ ১১:৫১ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয় এবং সংযুক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মিটার বিভাগের আওতাধীন মডস জোন-২ এর বিভিন্ন পানির পাম্পে বিদ্যমান গভীর নলকূপের ডেলিভারী লাইনের ফ্লো-মিটার স্থাপন/প্রতিস্থাপনের জন্য মৌখিক/লিখিত আবেদন এর মারফত তাগাদা প্রদান করছেন। উক্ত জোনে উল্লেখযোগ্য সংখ্যক ফ্লো-মিটার নষ্ট, যা পাম্পে মিটার স্থাপনের চাহিদা রয়েছে। এছাড়াও বিভিন্ন পানির পাম্পে বিদ্যমান ফ্লো-মিটার সমূহ বহুবিধ ব্র্যান্ডের, কিন্তু মিটার বিভাগের অনুকূলে সরবরাহকৃত ফ্লো-মিটার রেজিস্টার সমূহ ২/৩ ব্র্যান্ডের। যার ফলে মডস জোনসমূহ হতে প্রাপ্ত অভিযোগ অনুযায়ী ফ্লো-মিটার মেরামত/সচলকরণ কাজে উল্লেখযোগ্য সংখ্যক ফ্লো-মিটার পরিবর্তন করতে হচ্ছে। এছাড়াও উক্ত মেরামত/সচলকরণ কাজের কিছু-কিছু পাম্পের ফ্লো-মিটারের রেজিস্টার সমূহ সঠিকভাবে কাজ না করায় উক্ত স্থানে ফ্লো-মিটার পরিবর্তন বাধ্যতামূলক হয়ে পরেছে। মডস জোন-২ এর বিভিন্ন পাম্পে গভীর নলকূপের উৎপাদন এবং NRW হিসাবের জন্য ডেলিভারী লাইনে ফ্লো-মিটার সচল রাখা একান্ত জরুরী প্রয়োজন হয়ে পরেছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৯/২৩ ১১:৫২ পূর্বাহ্ন

আলোচ্য কাজগুলি সম্পাদনের জন্য পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রস্তুতকৃত প্রাক্কলনে সাকুল্য ব্যয়ভার দাড়িয়েছে ৪৯,৯০৭/- (উনপঞ্চাশ হাজার নয়শত সাত) টাকা মাত্র। উক্ত ব্যয়ভার অত্র বিভাগের অনুকূলে বরাদ্দকৃত চলতি ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "ফ্লো-মিটার" মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত ক্রমিক নং-১৫ (FW15) থেকে নির্বাহ করা হবে। কাজটি পিপিআর-২০০৮ এর ৭৬/১(ট) ধারা মোতাবেক DPM পদ্ধতিতে অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান "K.N. Enterprise" এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সংযুক্তিসমূহ (৪):


- ১। App 23-24 page-2.jpeg
- ২। Application.pdf
- ৩। Approved Rate.pdf
- ৪। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৯/২৩ ১১:৫৩ পূর্বাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ত্রুটিপূর্ণ ফ্লো-

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

মিটার জরুরী ভিত্তিতে মেরামত ও স্থাপন/প্রতিস্থাপন কাজগুলো সুষ্ঠুভাবে সম্পাদন করার স্বার্থে প্রাক্কলিত ৪৯,৯০৭/- (উনপঞ্চাশ হাজার নয়শত সাত) টাকা মাত্র কাজটি পিপিআর-২০০৮ এর ৭৬/১(ট) ধারা মোতাবেক DPM পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "K.N. Enterprise" এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজের অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



১৭/৯/২৩ ৫:৫৮ অপরাহ্ন
ওবায়দুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মিটার বিভাগ



১৭/৯/২৩ ৬:০২ অপরাহ্ন
মোঃ মাহবুব হাসান
নির্বাহী প্রকৌশলী
মিটার বিভাগ



১৮/৯/২৩ ১১:৪৩ পূর্বাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল



১৮/৯/২৩ ১১:৪৩ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৯/২৩ ৬:৫৯ অপরাহ্ন

অনুমোদিত



১৯/৯/২৩ ৬:৫৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২০/৯/২৩ ১২:৩৮ পূর্বাহ্ন
মোঃ মাহবুব হাসান
নির্বাহী প্রকৌশলী
মিটার বিভাগ



২০/৯/২৩ ১২:৩৮ পূর্বাহ্ন
ওবায়দুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মিটার বিভাগ